

৩২

## সরকারি চাকরিতে কোটা পদ্ধতি ঢাবিতে পক্ষে-বিপক্ষে ক্লাস বর্জন ও মিছিল সমাবেশ ছাত্রদের

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥  
বিসিএসসই সকল সরকারি চাকরিতে সংশ্লিষ্ট কোটা পদ্ধতির নব্বোনের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের যোবিত ছাত্র ধর্মঘট পরিচালিত হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট চলাকালে কোন ক্লাস না হলেও পূর্ব নির্ধারিত সকল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। তবে ছাত্রদের একটি অংশ ধর্মঘট প্রত্যাহান করে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।

ক্যাম্পাস ঘুরে দেখা গেছে, গতকাল সকাল থেকেই আন্দোলনকারী শিক্ষার্থীরা সবকয়টি অনুষ্ঠান ও ইন্সটিটিউটে ডালা লাগিয়ে দেয়। বিশ্ববিদ্যালয়ে সকল বাস চলাচল বন্ধ করে দেয়া হয়। ধর্মঘটের সমর্থনে সকাল ৮টায় শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে কন্ডাকটরের সামনে আয়োজিত সমাবেশে শিক্ষার্থীরা বলেন, যৌক্তিক দাবি নিয়ে শিক্ষার্থীরা আন্দোলনে নেমেছে। দাবি আদায় না হওয়া

পর্যন্ত আন্দোলন চলবে। শনিবার সাংবাদিক সম্মেলনের মাধ্যমে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে।

সকাল নাড়ে ১০টার দিকে ছাত্রলীগের দাবির সমর্থনে সাধারণ ছাত্ররা ধর্মঘট প্রত্যাহান করে মিছিল বের করে। সকল বিভাগ ও ইনস্টিটিউটের মাগিয়ে দেয়া ডালা বলে দেয়া হয়। পরে অপরাজেয় বাংলার পাদদেশের সামনে শিক্ষার্থীরা সমাবেশ করে। সমাবেশে শিক্ষার্থীরা বলেন, কোটা নিয়ে একটি মহল ক্যাম্পাসকে অস্থিতিশীল করতে চাচ্ছে, এদের যেকোন ন্যূন্য প্রতিহত করা হবে। স্বাধীনতা বিরোধী শক্তি মুক্তিযোদ্ধা কোটার বিপক্ষে। তারা মুক্তিযোদ্ধা কোটা রেখে কোটা পদ্ধতির নব্বোনের দাবি আদায়।

সমাবেশ শেষে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় পাবনা, সভাপতি মোহেল রানা টি পু ও সাধারণ সম্পাদক সামছাদ সাকিব বাদশার নেতৃত্বে সংগঠনের নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. এনএমএ ফায়েজের সঙ্গে সাক্ষাৎ করেন। নেতাকর্মীরা ক্যাম্পাস পরিস্থিতি ও ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহফুজ হায়দার জৌধুরী রোটনের মুক্তির বিষয়ে কথা বলেন। এ সময় ছাত্রলীগের কেন্দ্রীয় নেতা রশেদুল মাহমুদ রাসেল, হাসানুজ্জামান গিটন, হাদিমউদ্দিন উইয়া, নাসিম আল আমিন রুপক, আবু আকাস উইয়া উপস্থিত ছিলেন।

এদিকে বিসিএস পরীক্ষার ৫৫ ভাগ সংশ্লিষ্ট কোটা কমিয়ে ৩০ ভাগ করার দাবি জানিয়েছে 'ফেয়ার বিসিএস মুভমেন্ট' নামের একটি সংগঠন। গতকাল মধুর ক্যাটিনে সাংবাদিক সম্মেলনে সংগঠনের সভাপতি আবু তারেক এ দাবি জানান।

বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. এনএমএ ফায়েজ বলেন, কোটা পদ্ধতির বিষয়টি জটিল। এ ব্যাপারে আলোচনার মাধ্যমে সিদ্ধান্তে আসা প্রয়োজন।